

2 0 1 8

BENGALI

(Modern Indian Language)

Full Marks : 60

Time : 3 hours

*The figures in the margin indicate full marks
for the questions*

- ১। নিম্নলিখিত প্রশ্নগুলির সংক্ষিপ্ত উত্তর দাও : ১×৭=৭
- (ক) 'তাজমহল' গল্পে কে ইট ও মাটি গেঁথে তাজমহল তৈরী করছিলেন ?
- (খ) বুধনীর স্বামীর নাম কী ?
- (গ) বৈশাখী-পূর্ণিমা উৎসবে সনাতনপুরের মুকুঞ্জেরদের বাড়িতে কোন্ নাটক অভিনীত হয়েছিল ?
- (ঘ) প্রফুল্লের স্বশুড়বাড়ি কোন্ গ্রামে ছিল ?
- (ঙ) প্রফুল্ল কত বছর ধরে মল্লযুদ্ধ শিখেছিল ?
- (চ) হরবল্লভের তালুক দেবী সিংহ কত টাকায় ক্রয় করেছিল ?
- (ছ) "সম্বন্ধ জুটিবে কি ? আমি কৃতদার ।" 'কৃতদার' শব্দের অর্থ লেখো ।

২। নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও :

২×৪=৮

- (ক) “আমি ডুইংফম-বিহারী সভ্য লোক, বর্বর বন্য দম্পতির আদবকায়দা আমার জানা নাই।” ‘বন্য দম্পতি’ বলতে কাদের কথা বলা হয়েছে?
- (খ) “বৃদ্ধের চেহারা অনেকটা বাউলের মত, আলখাল্লা পরা ধবধবে সাদা দাড়ি।” বৃদ্ধের নাম কী? তিনি লেখকের সঙ্গে কোন্ ভাষায় কথা বলেছেন?
- (গ) “দেখ ঠাকুর, ব্রহ্মহত্যায় আমার ভয় নাই।” বক্তা কে? তিনি কাকে একথা বলেছেন?
- (ঘ) “তুমি বাছা, পাগল মেয়ে। বামনের ছেলে কি কৈবর্ত বিয়ে করে গা?” বক্তা কে? তিনি কাকে ‘পাগল মেয়ে’ বলেছেন?

৩। নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও (যে কোনো তিনটি) : ৫×৩=১৫

- (ক) ‘স্মৃতি’ গল্পের কাহিনি অনুসরণে স্টেশন-প্ল্যাটফর্মের কোণে চায়ের স্টলটি কীভাবে গড়ে উঠেছিল তার বিবরণ দাও।
- (খ) ‘তাজমহল’ গল্প অনুসরণে লেখকের তাজমহল দর্শনের অভিজ্ঞতার বিবরণ দাও।
- (গ) “তুমি জুয়াচোর, কৃত্রিম, পামর, গোহিন্দাগিরি কর—তোমার কথায় বিশ্বাস কি?” কে, কাকে একথা বলেছিলেন তা প্রাসঙ্গিক পরিস্থিতির বিবরণসহ লেখো।

- (ঘ) ‘দেবী চৌধুরাণী’ উপন্যাসে দিবা ও নিশি চরিত্র দুটির গুরুত্ব আলোচনা করো ।
- (ঙ) “আমি বড় কাঙ্গাল—আমার অন্নবস্ত্র জুটিলেই ঢের, আমি ধন চাই না—দিনপাত হইলেই হইল ।” বক্তা কে ? তিনি কাকে, কোন পরিস্থিতিতে একথা বলেছিলেন, আলোচনা করো ।

8। নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও :

১০×৩=৩০

- (ক) ‘জাগ্রত দেবতা’ গল্পের নামকরণ যথার্থ হয়েছে কি না, আলোচনা করো ।

অথবা

“মানুষের ভালবাসার গাঢ়তা ক্ষেত্রবিশেষে রূপান্তরিত হয় অসহিষ্ণু অধিকারবোধে।” ‘বুধনী’ গল্প অবলম্বনে মন্তব্যটির সার্থকতা বিচার করো ।

- (খ) ‘দেবী চৌধুরাণী’ উপন্যাসে রঙ্গরাজ চরিত্রটির গুরুত্ব আলোচনা করো ।

অথবা

“দেবী চৌধুরাণী পুরাতন বাংলার সমাজ ও পারিবারিক পটভূমিকায় স্থাপিত একটি মনোরম গার্হস্থ্য কাহিনী হলেও এর অন্তরালে আছে গীতাতত্ত্বে-নিষ্ণাত তাত্ত্বিক বঙ্কিমের একপ্রকার সূক্ষ্ম ধর্মীয় অনুভূতি ও হিন্দুর সামাজিক আচার-আচরণঘটিত তত্ত্বকথা।” ‘দেবী চৌধুরাণী’ উপন্যাসের কাহিনী অবলম্বনে মন্তব্যটির যৌক্তিকতা বিচার করো ।

- (গ) মানবজীবনে সমস্যার নানা রূপ বনফুলের অভিজ্ঞতায় কীভাবে ধরা পড়েছে তা তোমার পাঠ্য গল্প অবলম্বনে বিশ্লেষণ করো।

অথবা

ব্রজেশ্বরকে 'দেবী চৌধুরাণী' উপন্যাসের নায়ক বলা যায় কী? যুক্তিসহ আলোচনা করো।

★ ★ ★